



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/ ৪৫৬

তারিখ ৩০ - ০৮-২০১৭ইং

অত্র বোর্ডের আওতাধীন সকল জে.এস.সি. পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের জে.এস. সি পরীক্ষায় অংশ গ্রহণকারী শিক্ষার্থীদের জে.এস. সি নিবন্ধন কার্ড সিন্ধুবার্ণিত ছকে উল্লেখিত তারিখে কেন্দ্র সচিবগণ অথবা তাঁর পক্ষে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত মনোনীত প্রতিনিধিকে অত্র বোর্ডে হাজির হয়ে তাঁর কেন্দ্রভুক্ত প্রতিষ্ঠানসমূহের নিবন্ধন কার্ড সংগ্রহ করে কেন্দ্রের অন্তর্ভুক্ত সকল প্রতিষ্ঠানের মধ্যে বিতরণের জন্য অনুরোধ করা হ'ল।

অবশ্য পালনীয় নির্দেশনাসমূহঃ

- ১। নিবন্ধন কার্ড প্রাপ্তির পর বিদ্যালয়ে রক্ষিত ছাত্র-ছাত্রীদের নিবন্ধনের হার্ড কপি (Print Copy) এর সাথে যাচাই করতে হবে
- ২। বিদ্যালয় কর্তৃপক্ষ কোন অবস্থায় নিবন্ধন কার্ড সংশোধন করতে পারবেন না
- ৩। নিবন্ধন কার্ডে কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে আগামী ২৫/০৯/২০১৭ইং তারিখ হতে ২৫/১০/২০১৭ইং তারিখ পর্যন্ত শিক্ষার্থী প্রতি ২০০/- (দুই শত) টাকা ফিস প্রদান করে সকল প্রকার ভুল সংশোধন করা যাবে। উল্লেখিত সময়ের মধ্যে ভুল সংশোধন করতে ব্যর্থ হলে শিক্ষার্থী প্রতি ৮০০/- (আট শত) টাকা ফিস প্রদান করে পরীক্ষা শুরু হওয়ার পূর্ব দিন পর্যন্ত সকল প্রকার ভুল সংশোধন করা যাবে
- ৪। নির্ধারিত সময়ের মধ্যে ভুল সংশোধন না করলে তার সকল দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে
- ৫। নিবন্ধন কার্ড গ্রহণের পরে ছাত্র-ছাত্রীদের উপস্থিতিতে বিতরণ করতে হবে এবং নিবন্ধন কার্ডে নির্ধারিত স্থানে ছাত্র-ছাত্রীদের স্বাক্ষর নিতে হবে। তবে ছাত্র-ছাত্রী স্বাক্ষর করার পূর্বে নিবন্ধন কার্ডে উল্লেখিত সকল তথ্যের সঠিকতা এবং কোন ভুল থাকলে সে সম্পর্কে জ্ঞাত হয়ে ছাত্র-ছাত্রী স্বাক্ষর করবে
- ৬। প্রধান শিক্ষক/অধ্যক্ষ নিবন্ধন কার্ডে নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন। তবে তিনি নিবন্ধন কার্ডে উল্লেখিত সকল তথ্যের সঠিকতা, বিশেষ করে নামের বানান, জন্ম তারিখ, লিঙ্গ, ছবি, বিষয় ও বিষয় কোডের সঠিকতা যাচাই করে কোন প্রকার ভুল থাকলে তা রেজিস্টারে লিপিবদ্ধ করে সে সম্পর্কে নিশ্চিত হয়েই স্বাক্ষর করবেন। এ বিষয়ে তাঁকে অত্যন্ত সতর্ক থাকতে হবে
- ৭। নিবন্ধন কার্ড গ্রহণের পরপরই ছাত্র-ছাত্রীদের নিকট সরবরাহ করতে হবে। কোন অবস্থাতেই অফিসে ফাইল বন্দী করে রাখা যাবে না
- ৮। নিবন্ধন সংক্রান্ত কাজের জন্য বোর্ডে যাতায়াত বাবদ কোন টিএ/ডিএ বোর্ড কর্তৃপক্ষ প্রদান করবে না


নিবন্ধন কার্ড বিতরণের তারিখ

ক্রমিক নং	জেলার নাম	বিতরণের তারিখ
০১।	সাতক্ষীরা	০৫-০৯-২০১৭
০২।	বাগেরহাট	০৭-০৯-২০১৭
০৩।	খুলনা	১০-০৯-২০১৭
০৪।	মেহেরপুর	১২-০৯-২০১৭
০৫।	চুয়াডাঙ্গা	১৪-০৯-২০১৭
০৬।	কুষ্টিয়া	১৭-০৯-২০১৭
০৭।	নড়াইল,	১৯-০৯-২০১৭
০৮।	মাগুরা	২০-০৯-২০১৭
০৯।	ঝিনাইদাহ	২১-০৯-২০১৭
১০।	যশোর	২৪-০৯-২০১৭

বিঃদ্রঃ - নিবন্ধন পত্র গ্রহণে নিম্নে বর্ণিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে

- ৯। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি অনুমোদনপত্রের সত্যায়িত ফটোকপি
- ১০। বিদ্যালয়ের স্বীকৃতি নবায়ন পত্রের সত্যায়িত ফটোকপি
- ১১। নিবন্ধনকৃত ছাত্র/ছাত্রীদের প্রিন্ট আউট কপি
- ১২। সোনালী সেবার রশিদ (বোর্ডের অংশ)।

চেয়ারম্যান মহোদয়ের আদেশ ক্রমে



(প্রফেসর ডঃ মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন নং- ০৪২১-৬৮৬৩৪

প্রাপক :

প্রধান শিক্ষক / অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক সংখ্যা-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/ ৪৫৬ (২৭০০)

তারিখ ৩০- ০৮-২০১৭ইং

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'লঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। জেলা প্রশাসক, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে পত্রটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হ'ল।)
- ৪। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৭। সংরক্ষণ নথি

(কাজী আবুল কালাম আজাদ)

উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন নং- ০৪২১-৬৮৬৩৪